

খন্ড কবিতা

-আবু মকসুদ

১-

বারান্দায় নেমে এলে রাতের চাঁদ
জ্যোৎস্নারা নির্জনে দাঁড়ায়
দূরে বেজে উঠলে সতর্ক সাইরেন
ঘড়ির কাটায় ঘুরে চড়ুইদম্পতি।

২-

আমাদের প্রতিবেশী মেঘবালিকা
আমরা হরিন শিশু
ছুটি মেঘলা আকাশের ডাকে
আর সুরক্ষিত করি নশ্বর জীবন।

৩-

ঘরের চালার নীচে উজ্জীবিত জীবন
বালুকাবেলার ঘ্রাণে নির্লোভ কৈশোর
তীব্র ধর্মদ্রোহের অলসনীয় মায়া কাটিয়ে
কোন কোন পাখি ফিরে নির্বিরোধী জলে।

৪-

পিছল বর্ষনতৃপ্ত দিনে ডাক দিলে কবিতা গাছ
গোপন সঙ্গী হয় ভাসমান স্মৃতি
বাউলুলের চেউয়ে সাজে মুগ্ধ শব্দমালা
হর্ষ সুখে মাতোয়ালী ছায়া পরিমিত।

৫-

দেয়ালে পিঠ ঠেকে গেলে ফিরে দাঁড়াতে হয়
উজ্জয়িনী, এবার সাজাব রণতরী
আগলের সবটা সিঁড়ি একে একে মাড়িয়ে
রোমাঞ্চে ছুটে যাব হৃদয়ের ময়ূরাক্ষী ধরে...

৬-

একজন রাজনীতিবিদের মৃত্যু হয়েছে
শহরের এক পরিত্যক্ত বৃক্ষের নীচে
তার শবের উপর অজস্র কাকের বিষ্টা
অথচ সে চড়তে পারতো জনতার কাধে।